

পরিকল্প নং-১০৮

## জীবন অবকাশ (পেনশন)

বার্ধক্যে চান যদি

নিরাপত্তা স্থিতি,

“জীবন অবকাশ” পলিসি

দিতে পারে দ্যুতি ।

সবাইকে একদিন যৌবন পেরিয়ে বার্ধক্যে উপনীত হতে হবে । আর এ বার্ধক্যে মানুষ হয়ে পড়ে অসহায়, প্রয়োজন হয় অর্থের । এ চিরন্তন সত্য কথাটি যৌবনে চিন্তা করা উচিত । বার্ধক্য জীবন যাতে চিন্তামুক্ত, ভাবনাহীন, শান্তিময় ও স্বচ্ছল হয়ে উঠে সেদিকে লক্ষ্য রেখেই প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড একটি পেনশন বীমা পলিসি চালু করেছে ।

এই পরিকল্পে অবসরকালীন (অর্থাৎ মেয়াদ পূর্তির সাথে সাথে) সময় থেকে আজীবন পেনশন প্রদান করা হবে । পেনশন আরম্ভ হলে কমপক্ষে ১০ বছর ধরে নিশ্চিতভাবে প্রদান করা হবে । পেনশন আরম্ভ হওয়ার পূর্বে মৃত্যু হলে মনোনীতককে সমস্ত প্রিমিয়াম ফেরত দেয়া হবে । বার্ষিক পেনশনের সর্বোচ্চ ৫০% পেনশন শুরু করার সময়ে নগদ অর্থের বিনিময়ে সমর্পন করা যেতে পারে । বীমাগ্রাহক ইচ্ছা করলে নিজের জীবনের উপর অতিরিক্ত ঝুঁকি (সর্বোচ্চ বার্ষিক পেনশনের ১০ গুণ) নিতে পারেন । পেনশন শুরু হওয়ার আগে এবং ৬০ বছর বয়সের পূর্বে মৃত্যুতেই শুধুমাত্র অতিরিক্ত বীমা ঝুঁকির টাকা প্রদান করা হবে । এ বীমার সাথে এডিবি, পিডিএবি সহযোগী বীমাও নেয়া যাবে ।